ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

<u>ছয় ছাত্র হত্যা তদন্তে পুলিশের বিভাগীয় প্রতিবেদন</u>

## সম্পূর্ণ প্রতিবেদন প্রকাশ ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছে টিআইবি

**ঢাকা, ১৯ সেপ্টেম্বর ২০১১:** ঢাকা'র অদূরে সাভার এর আমিন বাজারের বড়দেশী গ্রামে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যা করার ঘটনার তদন্তে গঠিত পুলিশের বিভাগীয় কমিটির প্রতিবেদনে নিহত ছাত্ররা নির্দোষ প্রমাণিত হওয়ায় টিআইবি সন্তোষ প্রকাশ করে বলেছে- এ প্রতিবেদনের যথার্থতা তখনই প্রমাণিত হবে যখন এটি সম্পূর্ণরূপে প্রকাশ করা হবে এবং দায়িত্বে অবহেলার কারণে আইনী প্রক্রিয়ায় দোষীদের শাস্তি নিশ্চিত করা হবে।

আজ এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন 'আইন বর্হিভূত হত্যাকান্ড মানবাধিকার লংঘনের একটি নিকৃষ্ট উদাহরণ এবং এটি সুশাসনের প্রধানতম অন্তরায়। একটি গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় এ ধরনের হত্যাকান্ড কোনভাবেই মেনে নেওয়া যায় না। সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রতিবেদনটি সর্ম্পকে আলোকপাত করে পুলিশের বিভাগীয় তদন্ত কমিটি ব্যতিক্রমধর্মী পেশাদারিত্বের স্বাক্ষর রাখলেও আমরা পুরো প্রতিবেদনটি জনসম্মুখে প্রকাশের জোর দাবি জানাই।' তিনি এ ধরণের ঘটনার সাথে জড়িতদের অপরাধ প্রমাণিত হলে প্রতিকী ব্যবস্থা গ্রহণের পরিবর্তে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানান।

লিমন, কাদের এবং রূপগঞ্জের সহিংসতার উল্লেখ করে তিনি ইতোপূর্বে বিভিন্ন সময়ে র‌্যাব, পুলিশ এবং সামরিক বাহিনীর সদস্য কর্তৃক সংঘটিত মানবাধিকার লংঘনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সক্রিয় ও কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। একই সাথে তিনি সাভারের ঘটনায় পুলিশের বিভাগীয় কমিটি'র এরূপ দৃষ্টান্ত অনুসরণ করে ইতোপূর্বে সংঘটিত মানবাধিকার লংঘনের বিভিন্ন ঘটনার সুষ্ঠু তদন্ত পূর্বক আইনী প্রক্রিয়ায় দোষীদের যথাযথ শাস্তি নিশ্চিত করে সমাজ ও রাষ্ট্রে ন্যায় বিচার সুনিশ্চিত করার জোর দাবি জানান।

**গণমাধ্যম যোগাযোগঃ**


**রিজওয়ান-উল-আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইলঃ rezwan@ti-bangladesh.org
ফোনঃ ০১৭১৩০৬৫০১২